উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, হর্টিকালচার সেন্টার, পাঁচগাছিয়া, ফেনী কার্যালয়ের
২য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী

স্থান : হর্টিকালচার সেন্টার, পাঁচগাছিয়া, ফেনী।
তারিখ : ০৫/১০/২২ খ্রিঃ
বার : বুধবার
সময় : সকাল ১০.০০ ঘটিকা
সভাপতি : কৃষিবিদ জনাব আইউব মাহ্মুদ,
উপপরিচালক,
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,
হর্টিকালচার সেন্টার, পাঁচগাছিয়া, ফেনী।

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে জনাব মোহাম্মদ হেলাল উদ্দিন, উপসহকারী উদ্যান কর্মকর্তা, অত্র কার্যালয় পূর্বের সভার কার্যবিবরণী পাঠ করেন। সভায় উপস্থিত সদস্যেদের বিবরণী পরিশিষ্ট ক তে দেখানো হলো।

ক্র: নং	আলোচ্য বিষয় সমূহ	মন্তব্য
০১	হর্টিকালচার সেন্টার, পাঁচগাছিয়া, ফেনী কার্যালয়ে শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে অর্জিত সাফল্য এবং পূর্ব চিহ্নিত অন্তরায়সমূহের অগ্রগতি সম্পর্কে আলোচনা করা হয়।	
০২	পরিলক্ষিত অন্তরায় দূরীকরণে সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও পরিবীক্ষণ সংক্রান্ত বিভিন্ন মতামত গ্রহণ করা হয়। এতে প্রতি ত্রৈমাসিক কর্মপরিকল্পনার নিমিত্ত বিস্তারিত আলোচনা করা হয়।	
০৩	পূর্ব চিহ্নিত কর্ম বা কর্মপরিকল্পনাসমূহ যাদের উপর ন্যস্ত থাকবে তা নির্ধারণ করা হয়। উক্ত কর্মসূচী বাস্তবায়নের জন্য সকল সদস্য যেন একতাবদ্ধ এবং শৃঙ্খলাবোধ মেনে কাজ করে সে বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	
০৪	উক্ত কার্যক্রম বাস্তবায়নের অগ্রগতি সংক্রান্ত প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।	

পরিশেষে, প্রাতিষ্ঠানিক সুনাম অক্ষুন্ন রাখা এবং উত্তরোত্তর বৃদ্ধি সাধনে সকলকে নিজ নিজ অবস্থানে থেকে ভূমিকা পালন করা, সর্বদা পরস্পরের প্রতি সম্মান প্রদর্শন ও সহযোগীতামূলক ভাব পোষন করার বিষয়ে উপপরিচালক মহোদয় নির্দেশনা প্রদান করেন এবং আলোচিত বিষয় সমূহ যথাযথভাবে প্রতিপালনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। অতঃপর আর কোন আলোচনার বিষয়বস্তু না থাকায় সভাপতি মহোদয় সভার পরিসমাপ্তি ঘোষণা করেন।

(আইউব মাহমুদ)
উপপরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
হর্টিকালচার সেন্টার, পাঁচগাছিয়া, ফেনী
পরিচিতিনং:- ১৯১৩
Email:ddhorticulturecenterfeni@gmail.com
ddhcpanchgachiafeni@dae.gov
০৫/১০/২২

প্রথম ত্রৈমাসিক সভায় উপস্থিত সদস্য বৃন্দের তালিকা (পরিশিষ্ট-ক)

ক্রঃ নং	সদস্যের নাম	পদবী	স্বাক্ষর	মন্তব্য
০১	জনাব মোহাম্মদ হেলাল উদ্দিন	উপ সহকারী উদ্যান কর্মকর্তা	স্বাক্ষরিত	
০২	জনাব আহসান মোঃ আবদুল্লাহ	উপ সহকারী উদ্যান কর্মকর্তা	স্বাক্ষরিত	
০৩	জনাব জয়নাল আবদীন	উপ সহকারী উদ্যান কর্মকর্তা	স্বাক্ষরিত	